গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন"
সমবায়ের উন্নয়ন"

২৪ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.৯৯.০২৩.২১.০৬ তারিখ : ..................................

০৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।

## সভার নোটিশ

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আগামী ১৪/০২/২০২২ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভা কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের **সচিব জনাব মো: মশিউর রহমান এনডিসি।**

০২। উক্ত সভায় এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে সভা কক্ষে উপস্থিত থাকার জন্য এবং আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ, মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ, সেবা গ্রহীতা ও সুশীল সমাজের প্রতিনিধিগণ জুম প্লাটফর্মে (আইডি নং-4413523066, পাসওয়ার্ড:112233) সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্য সূচি:**

ক) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি, সফলতা, সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা সমাধানে করণীয়;
খ) ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি, সফলতা, সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা সমাধানে করণীয় ;
গ) সিটিজেট চার্টার বাস্তবায়ন অগ্রগতি, সফলতা, সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা সমাধানে করণীয় ;
ঘ) তথ্য অধিকার বাস্তবায়ন অগ্রগতি, সফলতা, সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা সমাধানে করণীয় ;
ঙ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন অগ্রগতি, সফলতা, সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা সমাধানে করণীয় ;
চ) বিবিধ।

০৭/০২/২০২২

(নাহ্‌রিন সুলতানা)
সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৪৫
e-mail: apa.rdcd@gmail.com

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্রমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৬। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

তাঁর মন্ত্রণালয়/ বিভাগের ০১ (এক) জন এনআইএস সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা'কে সভায় জুম প্লাটফর্মে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন /আইন ও প্রতিষ্ঠান/প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
০৮। যুগ্ম-সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৯। উপ-সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০। এপিএ টিমের সকল সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদর্শনের ব্যবস্থাসহ এবং নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের মাধ্যমে সকল কর্মকর্তাকে অবগত করার অনুরোধসহ)।
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩। চীফ এ্যাকাউন্ট এ্যান্ড ফিন্যান্স অফিসার, চীফ এ্যাকাউন্ট এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা ঢাকা।
১৪। প্রোগ্রামার আইসিটি সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সহকারী প্রোগ্রামার আইসিটি সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারী।

**দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫-কাওরান বাজার, ঢাকা।
০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা /আরডিএ, বগুড়া /বাপার্ড, গোপালগঞ্জ।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫-কাওরান বাজার, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি:, তেঁজগাও, ঢাকা।
০৭। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ/এনআইএস টিমের সকল সদস্য।

তাঁর দপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ০৫ (পাঁচ) জন করে সেবা গ্রহীতা ও সুশীল সমাজের প্রতিনিধিসহ সভায় জুম প্লাটফর্মে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

D/drive/New apa sel/সভার নোটিশ/57

অনুলিপি :

০১। উপসচিব (নিরাপত্তা-২) জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (অনুষ্ঠিতব্য সভায় আগত অতিথিবৃন্দের গাড়িসহ সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উপসচিব (প্রশাসন শাখা) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

০৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন শাখা-১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ {সভায় আগত ৪৫ (পঁয়তাল্লিশ) জন অতিথিবৃন্দের আপ্যায়নের অনুরোধসহ}।

০৫। প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, (**মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য**)

০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, (**সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**)

০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান), এর ব্যাক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা
www.rdcd.gov.bd

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মশিউর রহমান এনডিসি<br>সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ ও সময় | : | ১৪/০২/২০২২ (সোমবার), দুপুর ১১:০০ মিঃ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (জুম প্ল্যাটফর্ম) |

সভায় উপস্থিতি পরিশিষ্ট –'ক'-তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অত্র বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট ) ও এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে অনুরোধ জানান।

অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) ও এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যক্রম উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা, কর্মচারী, অন্যান্য মন্ত্রণালয়ের প্রতিনিধি, সেবাগ্রহীতা ও সুশিল সমাজের প্রতিনিধিদের জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার বিষয় সম্পর্কে অবহিত করার জন্য এই সভার আয়োজন করা হয়েছে। সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে সরকার ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' প্রবর্তন করে। এবছর এপিএ'র কাঠামোতে সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহকে সমন্বিতভাবে এপিএ'র অংশ হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপিএ এর সাথে দপ্তর/সংস্থার এপিএ'র কিছু সূচকের সংশ্লিষ্টতা রয়েছে। যে সকল দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরে ২য় কোয়ার্টার পর্যন্ত অগ্রগতি ৫০% এর নিম্নে সেসকল বিষয়সমূহ তুলে ধরা হয়। সংশ্লিষ্ট সূচকসমূহের অগ্রগতির হার বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) প্রতিটি সূচকের অর্জন আগামী কোয়ার্টারে ৭৫% এবং বছর শেষে ১০০% অর্জন নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় ।

তিনি আরো জানান, ২০১৬-২০১৭ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। ২০২০-২১ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ১৪ তম স্থান অর্জন করেছে।

২য় কোয়ার্টারে (অক্টাবর-ডিসেম্বর) অগ্রগতি প্রতিবেদনের সূচক নং-২.২ এ (প্রকল্পের psc ও PIC সভা আয়োজন) ২৪টি psc সভা আয়োজনের বিপরীতে ১৩টি psc সভা অনুষ্ঠিত হয়েছে। সেপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জানান অবশিষ্ট psc সভাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে । সূচক নং-২.৪ (প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ, যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি বিধি মোতাবেক হস্তান্তর করা) বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে এ বিভাগের ২০২০-২১ অর্থবছরে যে ৯টি প্রকল্প সমাপ্ত হয়েছে উক্ত ৯টি প্রকল্পের সম্পদ হস্তান্তর করা হয়েছে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা ও ডিপিপি অনুযায়ী সম্পদ হস্তান্তর হয়েছে কিনা সে বিষয়ে অবহিত হওয়ার জন্য ডিপিপির কপি সংশ্লিষ্ট তথ্যের সাথে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি সভায় অবহিত করেন যে, প্রকল্পের ডিপিপি প্রনয়ণের সময় জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সম্পদ হস্তান্তরের বিষয়টি যথাযথভাবে ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে এবং মন্ত্রণালয় কর্তৃক পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করার পর ডিপিপি প্রণয়ন সম্পন্ন করতে হবে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইনোভেশন টিমের চীফ ইনোভেশন কর্মকতা জনান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকলাপনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রমের ক্ষেত্রে এ পর্যন্ত ০৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিভাগের র‍্যাপিড ডিজিটাইজেশনের মাধ্যমে service.rdcd.gov.bd ওয়েব পোর্টালে এ বিভাগের নাগরিক সেবা (তথ্য প্রাপ্তির আবেদন ও আপিল আবেদন) ও অভ্যন্তরীণ সেবা (সকল ছুটি ("অর্জিত ছুটির (অভ্যন্তরীণ), (বহিঃ বাংলাদেশ) মঞ্জুরের আবেদন", "নৈমিত্তিক ছুটির জন্য আবেদন", "অসাধারণ ছুটি", "অধ্যায়ন ছুটি", "সংগনিরোধ ছুটি", "প্রসূতি ছুটির জন্য আবেদন", "প্রাপ্যতাবিহীন ছুটি", "অবসর-উত্তর ছুটি", "অক্ষমতাজনিত ছুটি", "চিকিৎসা ছুটি মঞ্জুরের আবেদন", "চিকিৎসা ছুটি মঞ্জুর (বহিঃ বাংলাদেশ)", "বিশেষ অসুস্থতাজনিত ছুটি" ও "শ্রান্তি-বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরীর আবেদন"), "চাকুরী স্থায়ীকরণের আবেদন" এবং "গাড়ী রিকুইজিশনের জন্য আবেদন") ডিজিটাইজেশন সম্পন্ন করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এ পর্যন্ত ০৩টি প্রকাশনা ('বঙ্গবন্ধুর পল্লী উন্নয়ন ও সমবায় ভাবনা: উন্নয়ন অভিযাত্রায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ 'পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়িত আমার বাড়ি আমার খামার প্রকল্পের বার্ষিক প্রতিবেদন এবং এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১' তথ্য বাতায়নে প্রকাশিত হয়েছে।

তথ্য অধিকার বিষয়ে অত্র বিভাগের সিস্টেম এনালিস্ট ও তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী অনুরোধকৃত তথ্য ২০ কার্যদিবসের মধ্যে সরবরাহ করতে হয়। একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সেই অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে। তথ্য প্রদানে অপারগ অথবা আংশিক তথ্য সরবরাহে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে উল্লিখিত ফরম-'খ' অনুযায়ী এতদ্বিষয়ে আবেদনকারীকে অবহিত করতে হবে। তিনি আরো জানান জুলাই, ২০২১ হতে জানুয়ারি ২০২২ পর্যন্ত কোন কোন তথ্য প্রাপ্তির আবেদন পাওয়া যায় নাই। দাখিলকৃত তিনটি আপীল আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে।

সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ন জানান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর [illegible] নাগরিক সেবা, [illegible] প্রাতিষ্ঠানিক সেবা এবং ১৬টি অভ্যন্তরীণ সেবা সংযোজন

করে অত্র বিভাগের সিটিজেট চার্টার ওয়েসাইটে প্রকাশ করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করা হয়ে থাকে। সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন।

অত্রবিভাগের অনিক কর্মকর্তা অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে যে অভিযোগ দাখিল হয় তার ৯০% ই এ বিভাগের সাথে সম্পর্কিত নয় বিধায় সেসকল অভিযোগ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা অনুসারে প্রেরণ করা হয়ে থাকে। দপ্তর/সংস্থার ক্ষেত্রে সমবায় অধিদপ্তর ও বিআরডিবি সংশ্লিষ্ট অভিযোগ বেশী পাওয়া যায়। এ বিভাগে জানুয়ারি ২০২২ পর্যন্ত ১৭ টি অভিযোগ অনলাইনে দাখিল হয়েছে। ১১টি অভিযোগ অন্য দপ্তরের হওয়ায় সেসকল দপ্তরে প্রেরণ করা হয়েছে অবশিষ্ট ৫টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। দায়েরকৃত ০১টি আপিল নিষ্পত্তি হয়েছে। বর্তমানে মন্ত্রণালয়ে কোন অভিযোগ পেন্ডিং নাই। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থাসমূহকে নির্দেশনা প্রদান করা হয়।

মুক্ত আলোচনা

সভায় অংশগ্রহণকারীদের মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হলে এ্যাডভোকেট জাকারিয়া হাবিব, সুপ্রীম কোর্ট, নারায়নগঞ্জ জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন দাখিলের নির্ধারিত ফরম আছে। এই ফরম দরিদ্র্য মানুষের মাঝে সরবরাহের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে এ বিভাগের সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা তাদের কার্যালয়ে তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরম এর হার্ডকপি সংরক্ষণ করবেন এবং চাহিবামাত্র ফরম সরবরাহ করতে হবে মর্মে সভাপতি উল্লেখ করেন।

পিডিবিএফ এর সুফলভোগী সালমা আক্তার নিতু এবং স্মিতা চৌধুরী জানান যে, স্বল্পসুদে ঋণ নিয়েছেন। পাট ও সোনালী আঁশ নিয়ে কাজ করে সাফল্য অর্জন করেছেন। তাঁরা আরো জানান, পিডিবিএফ হতে সহজে সেবা গ্রহণ করে আর্থিকভাবে লাভবান হচ্ছেন।

নির্মল রোজারিও, সভাপতি, দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিষ্টান কো-অপারেটিভ লি: জানান যে, বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং অবাধ তথ্য প্রযুক্তির কারণে সরকারি দপ্তরসমূহের সেবা প্রদান সম্পর্কিত তথ্যাদি সহজেই জনগণের দৌরগোড়ায় পৌঁছাচ্ছে। তথ্য অধিকার আইন প্রণয়নের কারণে সরকারি দপ্তরসমূহ হতে তথ্য সংগ্রহ করতে পারছে । অভিযোগ প্রতিকার সম্পর্কিত অনলাইন থাকার কারণে অভিযোগ দায়ের করতে পারছে ফলে জনগণ সহজেই সেবাগুলো নিতে পারছে।

জাহানারা বেগম, বরিশাল সদর উপজেলার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কেন্দ্রের সভাপতি জানান, তিনি বরিশাল সদর থেকে কোভিড প্রনোদনা ঋণ গ্রহণ করে উপকৃত হয়েছেন। তিনি জানান, এসএফডিএফ থেকে ১০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ ও পরবর্তীতে ২,০০,০০০/- টাকা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নিয়ে গাভী পালন, মৎস্য চাষ এর মত কার্যক্রম গ্রহণ করে আর্থিক অবস্থান উন্নয়ন সাধন করেছেন ও আত্মনির্ভরশীল হয়েছেন। এসএফডিএফের এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, তাদের দপ্তরের ওয়েবসাইটে কোভিড প্রনোদনা সেবাবক্সে কোভিড ঋণের নীতিমালা, আবেদন দাখিলের ফরম ও

এ পর্যন্ত ঋণ গ্রহীতার তালিকা রয়েছে। এছাড়া, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালায়ও এ সংক্রান্ত ফরমসমূহ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ সকল তথ্য ব্যবহার করে জনগণ উপকৃত হচ্ছে।

এ্যাডভোকেট জাকারিয়া হাবিব শুদ্ধাচারের বিষয়ে জাতীয় পর্যায়ে প্রশিক্ষণের জন্য অনুরোধ জানান। এই মর্মে সভাপতি বলেন যে, শুদ্ধাচার কৌশলের মূল কোঅর্ডিনেটর হচ্ছে মন্ত্রিপরিষদ বিভাগ। জাতীয় পর্যায়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রশিক্ষণ প্রদানের সুযোগ নেই । মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১২ সালে সুশাসন প্রতিষ্ঠায় সামগ্রিক উদ্যোগের সহায়ক কৌশল হিসাবে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' প্রণয়ন করা হয়েছে। প্রতিটি রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিষ্ঠান কিভাবে শুদ্ধাচার প্রণয়ন, বাস্তবায়ন ও চর্চা করবে তা উল্লেখ রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল পত্রটি এ বিভাগের তথ্য অধিকার সেবাবক্সে সন্নিবেশিত আছে। এই কৌশল পত্রটি বাস্তবায়নের জন্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, সুশীল সমাজ এবং বেসরকরি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন।

ঝালকাঠির সুফলভোগী মোহাম্মদ আলী জানান বিআরডিবি থেকে ০৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিআরডিবি থেকে ঋণ নিয়ে বিভিন্ন সবজি চাষ করে সাফল্য অর্জন করেছেন।

বার্ডের ১৪৬তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষাণার্থী ড. অনির্বাণ ঘোষ, তথ্য অধিকার আইনে রোগীর তথ্য প্রদানের সুযোগ আছে কিনা জানতে চান। এবিষয়ে সভাপতি অবহিত করেন যে, ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ ব্যক্তিগত তথ্য, তথ্য অধিকার আইনের ৭ (জ) ধারা অনুসারে প্রদানের সুযোগ নেই। তবে আইন প্রয়োগকারী কোন সংস্থা এ ধরনের তথ্য চাইলে তথ্য প্রদান করতে হবে। তথ্য অধিকার আইনের ৯ (৩) ধারা অনুযায়ী তথ্য প্রদানে অপারগ অথবা আংশিক তথ্য সরবরাহে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর তফসিলে উল্লিখিত ফরম-'খ' অনুযায়ী আবেদনকারীকে অবহিত করতে হবে। গণমাধ্যমকর্মী জানান যে, তথ্য অধিকার ও জাতীয় শুদ্ধাচার কৌশল প্রয়োগকারী একটি আরেকটির পরিপূরক। এ দুটি বিষয় পাঠ্য বইয়ে অন্তর্ভুক্তকরণের মত প্রকাশ করেন।

কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ বিষয়ে প্রশিক্ষণ নিয়ে আরডিএ, বগুড়ার প্রশিক্ষণার্থী জানান যে, এই প্রশিক্ষণের মাধ্যমে তিনি আত্মকর্মসংস্থানের সুযোগ পেয়েছেন এবং ভবিষ্যতে প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে উদ্যোক্তা হতে পারবেন বলে জানান। সভাপতি জানান সকল নাগরিককে চাকুরী প্রদানের সুযোগ নেই। কর্মসংস্থান সৃষ্টি করতে হবে। তরুন প্রজন্মকে উদ্যোক্তা হতে হবে। এজন্য সবাইকে উদ্বুদ্ধ করতে হবে।

ড. মহিউদ্দীন, যুগ্মসচিব, আইন, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ থেকে জানান যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আয়োজিত প্রশিক্ষণের বিষয়গুলোর সাথে যদি আইনের বিষয়গুলো অন্তর্ভুক্ত করা যায় তাহলে জনগণ আইন সম্পর্কে জানতে পারবেন।

সভাপতি জানান জনগণের জন্যই সকল আইন প্রণীত হয়েছে। জনগণকে সেবা প্রদানের জন্য সিটিজেন চার্টার, জিআরএস, তথ্য অধিকার আইন প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে জনগণকে সচেতন হতে হবে। সচেতনতা বৃদ্ধির জন্যই কেবিনেট ডিভিশন কর্তৃক এই অংশীজনের সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। এপিএ, এনআইএস, জিআরএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার আইন সম্পর্কে ধারণা প্রদান করতে হবে, সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। বিষয়সমূহ

অবহিত হয়ে সে অনুযায়ী আচার আচরণগত উৎকর্ষ সাধন ও কার্যক্রম সম্পাদন করতে হবে। এ বিভাগ এবং দপ্তর/সংস্থার ওয়েবসাইটে নিয়মিত প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ সকল তথ্যাদি আপলোড করতে হবে। ওয়েবসাইটে প্রয়োজনীয় সকল তথ্যাদি অবহিত হয়ে সকলে উপকৃত হতে পারবে। যথাসময়ে তথ্য প্রদান, অভিযোগ নিষ্পত্তি ও সিটিজেন চার্টারে উল্লিখিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে। আজকের সভায় সংযুক্ত থেকে প্রাপ্ত মূল্যবান মতামত ও পরামর্শ অনুযায়ী ভবিষ্যতে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/৩/২০২২

(মো: মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:


সভার তারিখ, সময় ও স্থান: ১৪/০২/২০২২, সোমবার, সকাল ১১.০০ ঘটিকা, সভা কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম | টেলিফোন ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | চন্দন কুমার দে, অতিরিক্ত সচিব | RDCD | ০১৭১২২১৭৫৩৮ | [স্বাক্ষর] |
| ০২. | আইরীন ফারজানা, উপসচিব | RDCD | ০১৭১২২৯২৭৫৭ | [স্বাক্ষর] ১৪/২/২২ |
| ০৩. | মো: মিজানুর রহমান, উপসচিব | RDCD | 01819434884 | [স্বাক্ষর] |
| ০৪. | ড. মো. গোলাম মোস্তফা, উপসচিব | পা. উ. স. বি | ০১৭১২৮০৩৩৪৮ | [স্বাক্ষর] ১৪.02.2022 |
| ০৫. | [illegible], উপসচিব | [illegible] | ০১৭১২০৮-৬১২৫ | [স্বাক্ষর] |
| ০৬. | প্রকৌ: মো: মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট | বিআরডিবি | ০১৭১১২৬৯২৭০ | [স্বাক্ষর] ১৪.02.2022 |
| ০৭. | গোলাম ছারোয়ার, সহকারী সচিব | RDCD | 01715285477 | [স্বাক্ষর] ১৪/২/2022 |
| ০৮. | আশিক ফরহাদ তিলক, সহকারী প্রোগ্রামার | RDCD | 01790104995 asst.prog1@rdcd.gov.bd | [স্বাক্ষর] ১৪/02/2022 |
| ০৯. | [illegible], সহকারী সচিব | RDCD | ০১৫৫২ ৪৭৮৫৮ | [স্বাক্ষর] ১৪/02/2022 |
| ১০. | [illegible] | JS RDCD | 01731545271 | [স্বাক্ষর] ১৪/02/22 |
| ১১. | [illegible] | RDCD | 01925-563760 | [স্বাক্ষর] ১৪/02/2022 |
| ১২. | | | | |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

সভার তারিখ, সময় ও স্থান: ১৪/০২/২০২২, সোমবার, সকাল ১১.০০ ঘটিকা, সভা কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম | টেলিফোন ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৫. | মো. রফিকুল ইসলাম অতি. সচিব | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | 01712524644 | [signature] 14/02/2022 |
| ১৬. | মো: মোতাহের বিল্লাহ যুগ্মসচিব | RDCD | 01716008445 | [signature] 14/02/2022 |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭. | | | | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |


সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের
সভাপতিঃ জনাব মোঃ মশিউর রহমান
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০২২, সোমবার


Participants (48)



